


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়**
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

# বিজ্ঞপ্তি

নম্বর : ৮০.০০.০০০০.১১৫.১১.০১২.২৫-৫৮

তারিখ : ২০ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ০৩ জুন ২০২৬

**বিষয় : বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের "হাইড্রো মরফোলজিস্ট [৯ম গ্রেড]" "হাইড্রোলজিস্ট [৯ম গ্রেড]" এবং "সহকারী প্রকৌশলী [৯ম গ্রেড]" পদে নিয়োগের জন্য প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণ।**

পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীন বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তরের "হাইড্রো মরফোলজিস্ট [৯ম গ্রেড]" "হাইড্রোলজিস্ট [৯ম গ্রেড]" এবং "সহকারী প্রকৌশলী [৯ম গ্রেড]" পদে নিয়োগের লক্ষ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষার তারিখ, সময় ও নির্দেশাবলি নিম্নে দেওয়া হলো:

## লিখিত পরীক্ষার তারিখ, সময় ও আসন বিন্যাস :

| পদের নাম, দপ্তর, বিজ্ঞপ্তির তারিখ ও নম্বর | পরীক্ষার তারিখ ও সময় | হল/কেন্দ্রের নাম | রেজিস্ট্রেশন নম্বর | প্রার্থী সংখ্যা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| হাইড্রো মরফোলজিস্ট [৯ম গ্রেড]<br>বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর<br>বিজ্ঞপ্তির তারিখ: ৩১ মার্চ ২০২৪<br>বিজ্ঞপ্তি নম্বর : ৩১ | ২৮ জুলাই ২০২৬<br>[মঙ্গলবার]<br>সময় : বেলা ১১:০০ টা হতে বিকাল ৩:০০ টা পর্যন্ত। | হলরুম (ভোল্টরুম-২ এর সামনে) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন আগারগাঁও, শেরে বাংলা নগর<br>ঢাকা-১২০৭ | ০০০০১৫ থেকে ০০০০৭৮ পর্যন্ত | ৩ জন |
| হাইড্রোলজিস্ট [৯ম গ্রেড]<br>বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর<br>বিজ্ঞপ্তির তারিখ: ৩১ মার্চ ২০২৪<br>বিজ্ঞপ্তি নম্বর : ৩২ | | | ০০০০১৫ থেকে ৮০০০৭৬ পর্যন্ত | ১৮ জন |
| সহকারী প্রকৌশলী [৯ম গ্রেড]<br>বাংলাদেশ হাওর ও জলাভূমি উন্নয়ন অধিদপ্তর<br>বিজ্ঞপ্তির তারিখ: ৩১ মার্চ ২০২৪<br>বিজ্ঞপ্তি নম্বর : ৩৩ | | হলরুম (ভোল্টরুম-২ এর সামনে) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন আগারগাঁও, শেরে বাংলা নগর<br>ঢাকা-১২০৭ | ০০০০০১ থেকে ০০০০৬১ পর্যন্ত | ৬১ জন |
| | | মাল্টিপারপাস হল, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর<br>ঢাকা-১২০৭ | ০০০০৬২ থেকে ৮০০০৯৬ পর্যন্ত | ৩০০ জন |

ক্রমশ/২

**লিখিত পরীক্ষা সংক্রান্ত নির্দেশাবলি:**

১. কোন প্রার্থী হাইড্রো মরফোলজিস্ট/হাইড্রোলজিস্ট/সহকারী প্রকৌশলী এর একাধিক পদে আবেদন করে থাকলে, তিনি যে কোনো একটি পদের লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করলে অন্য পদের লিখিত পরীক্ষায়ও অংশগ্রহণ করেছেন মর্মে গণ্য হবেন। তবে প্রার্থী যে পদে পরীক্ষা দিতে ইচ্ছুক, তাকে সেই পদের প্রবেশপত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। অন্যথায় তিনি উক্ত লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

২. প্রার্থীগণ স্ব স্ব প্রবেশপত্র নিয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করবেন। প্রবেশপত্র হারিয়ে গেলে/নষ্ট হলে কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd অথবা বাংলাদেশ টেলিটক লিমিটেড এর (http://bpsc.teletalk.com.bd) ওয়েবসাইট থেকে ডাউনলোড করে প্রবেশপত্র সংগ্রহ করতে হবে। **প্রবেশপত্র ব্যতীত কোনো প্রার্থী লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।**

৩. পরীক্ষার নির্ধারিত সময়ের কমপক্ষে ১৫ মিনিট পূর্বে আসন গ্রহণ করতে হবে। পরীক্ষা শুরু হওয়ার ১৫ মিনিট পর কোনো প্রার্থীকে পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শুরু হওয়ার ২ ঘন্টার মধ্যে কোনো প্রার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবে না।

৪. প্রার্থীদের বিশেষভাবে সতর্ক করা যাচ্ছে যে, উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিক ভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনোরূপ কাটাকাটি করলে বা উত্তরপত্রে ফ্লুইড ব্যবহার করলে প্রার্থিতা বাতিল হবে।

৫. হাজিরা তালিকায় প্রত্যেক প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও নামের পাশে তার ছবি এবং প্রবেশপত্রের অনুরূপ স্বাক্ষর মুদ্রিত থাকবে। প্রবেশপত্রের ছবি ও স্বাক্ষরের সঙ্গে হাজিরা তালিকার ছবি ও স্বাক্ষর মিলিয়ে দেখা হবে, মিল না থাকলে উক্ত প্রার্থীকে বহিষ্কার এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। হাজিরা তালিকা বহির্ভূত কোনো পরীক্ষার্থী অংশগ্রহণ করতে পারবে না।

৬. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের মধ্যে যাদের শ্রুতিলেখক প্রয়োজন তাদেরকে আগামী ১২.০৭.২০২৬ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে শ্রুতিলেখকের জন্য কমিশন সচিবালয়ের পরিচালক, ইউনিট-১৫ বরাবর আবেদনপত্র দাখিল করতে হবে। প্রাপ্ত আবেদনপত্র বিবেচনান্তে কর্ম কমিশন হতে শ্রুতিলেখক মনোনয়ন দেওয়া হবে।

৭. পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, ম্যানিব্যাগ, এটিএম কার্ড, ভ্যানিটিব্যাগ, হাতঘড়ি, পকেটঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, সাইন্টিফিক ক্যালকুলেটর বা কোনরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় এবং পরীক্ষার সময় প্রার্থীরা কানের উপর কোনো কাপড়ের আবরণ রাখতে পারবে না। পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোন প্রার্থীর নিকট নিষিদ্ধ ঘোষিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থিতা বাতিল করা হবে। ভুয়া বা প্রক্সিদানকারী কোনো প্রার্থী পাওয়া গেলে উক্ত প্রার্থীকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮. লিখিত পরীক্ষায় সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ। তবে সাধারণ ক্যালকুলেটর ব্যবহার করা যাবে।

৯. প্রার্থীদেরকে পরীক্ষার হলে ০৪ টি বিষয়ের জন্য ০৪টি পৃথক পৃথক উত্তরপত্র প্রদান করা হবে। প্রতিটি উত্তরপত্রে বিষয়ের নাম ও বিষয় কোড অবশ্যই লিখতে হবে। একই উত্তরপত্রে একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে উত্তরপত্র বাতিল হবে। প্রার্থীগণ কেবল উত্তরপত্রের ১ম অংশের প্রয়োজনীয় ঘরগুলো পূরণ করবেন। উত্তরপত্রের ২য় ও ৩য় অংশে কোন কিছু লিখবেন না, লিখলে উত্তরপত্র বাতিল হবে।

১০. প্রার্থীদেরকে বাংলা-৪০, ইংরেজি-৪০, সাধারণ জ্ঞান-৪০ এবং প্রাসঙ্গিক টেকনিক্যাল (পানি সম্পদ কৌশল, কৃষি প্রকৌশল, পুরকৌশল)-৮০ নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের ০৪ ঘন্টাব্যাপী লিখিত পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

১১. কোনো প্রার্থীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তের গুরুতর (Substantive) ঘাটতি পাওয়া গেলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যেকোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

১২. বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd- এ পাওয়া যাবে।

১৩. পরীক্ষার্থীদের সরকার কর্তৃক জারিকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

০৩/০৬/২০২৬

(দিলাওয়েজ দুরদানা)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)